



বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)

৩৭/ই. ইন্টারন গার্ডেন, টেলিযোগাযোগ ভবন, ঢাকা-১০০০

নং- ১৪.৩৩.০০০০.০২৪.০৪.১৬৮.১৫

তারিখ: ০২-০৮-২০১৯ খ্রিঃ।

বিটিসিএল-এর আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)-এ একজন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আইন পেশায় নিয়োজিত অ্যাডভোকেটগণের নিকট হতে আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৯খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

- ০১। আইন পেশায় ন্যূনতম ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে তন্মধ্যে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসর বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে আপীল পরিচালনার অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
- ০২। প্রার্থীকে দেওয়ানী আইন, ফৌজদারী আইন, শ্রম আইন, কোম্পানী আইন, চুক্তি আইন, ভূমি আইন, চাকুরী সংক্রান্ত বিধি-বিধান, প্রশাসনিক আইন, সম্পত্তি হস্তান্তর আইন, সরকারী পাওনা আদায়, সালিশি আইন, টেলিযোগাযোগ নীতিমালা সংক্রান্ত বিধিমালা এবং রিট পরিচালনার বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
- ০৩। প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে সুস্থ এবং বাংলাদেশের নাগরিক হতে হবে।

বিঃদ্রঃ নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্য ও শর্তাবলী বিটিসিএল-এর ওয়েব সাইটে (www.btcl.com.bd) পাওয়া যাবে।



(মোঃ আবদুর রউফ)

মহাব্যবস্থাপক (আইন ও তদন্ত)

☎: ০২-৯৩২০১৫৯।

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) -এ একজন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী মোতাবেক অবসরপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তা/আইন পেশায় নিয়োজিত অ্যাডভোকেটগণের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে:-

আইন উপদেষ্টার কর্মপরিধিঃ

- ০১। নিম্ন আদালত/উচ্চ আদালতে বিটিসিএল সংশ্লিষ্ট মামলার রায়ের পর উচ্চ আদালতে মামলা দায়েরের বিষয়ে মতামত প্রদান।
- ০২। সংস্থার পক্ষে মামলা দায়েরের ক্ষেত্রে আরজি সঠিক আছে কিনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান।
- ০৩। সংস্থাকে বিবাদী করে দায়েরকৃত মামলায় সংস্থার জবাব সঠিক আছে কিনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান।
- ০৪। বিটিসিএল সংশ্লিষ্ট মামলাগুলি সুষ্ঠুভাবে তদারকি করা এবং যথাযথ পদক্ষেপের জন্য সংশ্লিষ্ট প্যানেল অ্যাডভোকেটকে পরামর্শ প্রদান।
- ০৫। বিটিসিএল সংশ্লিষ্ট যে কোন আদালতে মামলায় স্থগিতাদেশ থাকলে উক্ত বিষয়ে প্রশাসনিক ও আর্থিক বিষয়ে ব্যবস্থা গ্রহণে আইনি পরামর্শ প্রদান।
- ০৬। বিটিসিএল-এর যে কোন স্থাবর/অস্থাবর সম্পত্তির বিরোধ বিষয়ে করণীয় সম্পর্কে আইনগত মতামত প্রদান।
- ০৭। দেশী/বিদেশী বিভিন্ন ক্যারিয়ারের সাথে বিটিসিএল-এর চুক্তির শর্তাবলী বিটিসিএলের স্বার্থ সংশ্লিষ্টতা সম্পর্কে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক ভেটিং প্রদান করা।
- ০৮। ক্ষেত্র বিশেষে বিভিন্ন মামলা পরিচালনার ক্ষেত্রে উচ্চ আদালত বা সালিশি আদালতে সিনিয়র আইনজীবী এবং আরবিট্রেটর নিয়োগের জন্য সংস্থাকে সহায়তা করা।
- ০৯। ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এবং বিটিসিএল প্রদত্ত আইন সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব যথাযথভাবে প্রতিপালন।
- ১০। কর্তৃপক্ষের অনুরোধে বিটিসিএলের প্যানেল আইনজীবী নিয়োগ কমিটিতে সহায়তা প্রদান করা।

যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

- ০১। আইন পেশায় ন্যূনতম ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকিতে হইবে।
- ০২। প্রার্থীকে দেওয়ানী আইন, ফৌজদারী আইন, বাংলাদেশের শ্রম আইন, কোম্পানী আইন, সরকারী/বেসরকারী চাকুরী সংক্রান্ত বিধি-বিধান, প্রশাসনিক ট্রাইব্যুনাল আইন, চুক্তি আইন, সম্পত্তি হস্তান্তর আইন, বাংলাদেশের ভূমি আইন, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, সরকারী পাওনা আদায়, সালিশি আইন, টেলিযোগাযোগ নীতিমালা সংক্রান্ত বিধিমালা এবং হাইকোর্ট ও আপীল বিভাগে রিট ও আপীল ইত্যাদি পরিচালনা বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।
- ০৩। প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে সুস্থ এবং বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

বিঃদ্রঃ নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্য ও শর্তাবলী বিটিসিএল-এর ওয়েব সাইটে (www.btcl.com.bd) পাওয়া যাইবে।